গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৭.২৪-৩৮০

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

**বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে বরিশাল জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।**

সূত্র : জেলা পরিষদ, বরিশাল এর স্মারক নং-১৫৯, তারিখ: ০৪/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে বরিশাল জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০৬টি প্রকল্প প্রস্তাব পাওয় গেছে। প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক নং-০৬ এ বর্ণিত প্রকল্পের ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত প্রকল্পটি ব্যতীত অবশিষ্ট (২০৬-০১)=২০৫টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

**শর্তাবলী:**

(১) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

(২) প্রস্তাবিত প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে মোট বরাদ্দের ৫০% আবশ্যিকভাবে দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

২৭/০৩/২০২৪
মো: হাবিবুর রহমান
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, বরিশাল।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।